রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, ডিসেম্বর ৫, ২০২৩**

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**নৌপরিবহন মন্ত্রণালয়**

**চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ**

**বন্দর ভবন, চট্টগ্রাম।**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ/২৯ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ৩২৮-আইন/২০২৩।**—চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ আইন, ২০২২ (২০২২ সনের ৮ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯১ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রবিধানমালার তফসিলের কলাম ১ এর ক্রমিক নং ৪৮৮ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন শিরোনাম, ক্রমিক নং এবং এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:—

**‘‘চট্টগ্রাম বন্দর কলেজ/চট্টগ্রাম বন্দর মহিলা কলেজ:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪৮৯। | অধ্যক্ষ | অনূর্ধ্ব ৫০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষাজীবনে কোনো তৃতীয় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) সহকারী অধ্যাপক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ অন্যূন ১৫ (পনের) বৎসরের চাকুরী। | সহকারী অধ্যাপক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ অন্যূন ১৫ (পনের) বৎসরের চাকুরী। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪৯০। | সহকারী অধ্যাপক (বাংলা) | অনূর্ধ্ব ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি বা সমমানের ডিগ্রি: তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হইবে না;<br>(খ) কলেজ পর্যায়ে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। | প্রভাষক (বাংলা) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৪৯১। | সহকারী অধ্যাপক (ইংরেজি) | অনূর্ধ্ব ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি: তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হইবে না;<br>(খ) কলেজ পর্যায়ে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। | প্রভাষক (ইংরেজি) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৪৯২। | প্রভাষক (বাংলা, ইংরেজি, পদার্থবিদ্যা, রসায়ন, গণিত/উচ্চতর গণিত, জীববিজ্ঞান, কম্পিউটার, পরিসংখ্যান, অর্থনীতি, যুক্তিবিদ্যা, পৌরনীতি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) পদার্থবিদ্যা, রসায়ন, জীববিজ্ঞান ও গণিত বিষয়সমূহের জন্য সংশ্লিষ্ট বিষয়ের মোট পদের ১০% পদ প্রদর্শক পদ হইতে পদোন্নতির মাধ্যমে এবং ৯০% পদ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি সহ সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হইবে না। | (ক) পদার্থবিদ্যা, রসায়ন, জীববিজ্ঞান, ও গণিত/উচ্চতর গণিত বিষয় সমূহের জন্য প্রদর্শক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী;<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | মনোবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবসায় নীতি ও প্রয়োগ, ব্যবসায় উদ্যোগ ও ব্যবস্থাপনা, অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল) | | সরাসরি নিয়োগের মাধ্যমে; (খ) অন্যান্য বিষয়ে ১০০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | | পদার্থবিদ্যা, রসায়ন, জীববিজ্ঞান, ও গণিত/ উচ্চতর গণিত বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |
| ৪৯৩। | প্রদর্শক (পদার্থবিদ্যা, রসায়ন, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | |
| ৪৯৪। | সহকারী গ্রন্থাগারিক/ ক্যাটালগার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে যে কোনো বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) সরকার কর্তৃক অনুমোদিত কোনো প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণির ডিপ্লোমা; (গ) কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত। | |
| ৪৯৫। | অফিস সহকারী কাম হিসাব সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বা বাণিজ্যে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার টাইপিং এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ থাকিতে হইবে। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪৯৬। | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ২০% পদ পদোন্নতির মাধ্যমে; (খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ডাটা এন্ট্রি ও টাইপিং এ সর্বনিম্ন গতি বাংলা ও ইংরেজি প্রতি মিনিটে, যথাক্রমে, ২০ ও ২০ শব্দ থাকিতে হইবে। | অফিস সহায়ক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ৪৯৭। | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

| | | |
|---|---|---|
| ৪৯৮। | নিরাপত্তা প্রহরী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ''আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮'' অনুযায়ী। |
| ৪৯৯। | মালী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ''আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮'' অনুযায়ী। |
| ৫০০। | আয়া | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ''আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮'' অনুযায়ী। |
| ৫০১। | পরিচ্ছন্নতা কর্মী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ''আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮'' অনুযায়ী। |

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

কর্তৃপক্ষের আদেশক্রমে

**রিয়ার এডমিরাল মোহাম্মদ সোহায়েল**
চেয়ারম্যান
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.